

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ৫, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-৩ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ, ৪ঠা নভেম্বর ২০০২/২০শে কার্তিক ১৪০৯

এস, আর, ও নং ২৯৯-আইন/২০০২—যেহেতু সরকার নরসিংদী জেলার মনোহরদী মিউনিসিপ্যালিটি হইতে নিম্নের টেবিলে বর্ণিত এলাকা কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ কর্তনের প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য নরসিংদী জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উল্লিখিত মিউনিসিপ্যালিটি হইতে নিম্ন টেবিলে বর্ণিত এলাকা কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করিবার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনাশ্চে উক্ত Rules এর Rule 4(2) এর অধীন উক্ত মনোহরদী মিউনিসিপ্যালিটি হইতে নিম্ন টেবিলে বর্ণিত এলাকা কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করিবার জন্য সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর Rule 5 এর বিধান মোতাবেক সরকার অত্র বিভাগের ২০ জ্যৈষ্ঠ, ১৪০৯ বাংলা মোতাবেক ওরা জুন, ২০০২ ইংরেজী তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং এস,আর,ও-১০৫ আইন/২০০২ এর তফসিল হইতে নিম্নবর্ণিত টেবিলের কলাম ৫ এ উল্লিখিত এলাকা কর্তন করিয়া মনোহরদী মিউনিসিপ্যালিটির সীমানা সংকুচিত করিল, যথা :-

## টেবিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মোজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	চন্দনবাড়ী	চন্দনবাড়ী	১১	১৯৮—৫৪৩, ৬৫৫, ৮০৬—১৬৩৬, ১৬৫৭—১৬৫৮, ১৬৬১—১৬৭৫, ১৭৩৪—২৫০৮, ৪২৯৫—৫০০০।
(২)	চন্দনবাড়ী	অর্জুনচর	১০	২২৭৩—২৩৩০, ২৮৭১—২৮৭৭, ২৮৮৯—২৯৫৭, ২৯৮৩—২৯৯৮।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, এস, এম রশিদুল হাই  
উপ-সচিব।